



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বা/এ  
ঢাকা-১০০০।



ফোন : ০২-৯৫৫৩০২৮

ই-মেইল : dgmrmd@krishibank.org.bd

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-বিকেবি/প্রকা/আরএমডি-০২/২০২০-২০২১/২৭১১(১২৫০)

তারিখ : ২১-০১-২০২১

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
- ০৩। সকল আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
- ০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা।
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক,  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে Internal Credit Risk Rating (ICRR) করতঃ ঋণ ফাইলে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ঋণ শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এবং আর্থিক খাতে অধিকতর স্বচ্ছতা আনয়নের নিমিত্তে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন জনস্বার্থ সংস্থার অনুকূলে ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের সময় বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কর্তৃক নিরীক্ষিত এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে উক্ত আইনের ব্যত্যয় ঘটছে। এরূপ পরিস্থিতিতে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ ০৪ জানুয়ারি ২০২১ এ জারিকৃত ইস্তেহার অনুযায়ী নিম্নোক্ত বিষয়ের প্রতি সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।


০২. জনস্বার্থ সংস্থার অনুকূলে ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের সময় বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কর্তৃক নিরীক্ষিত এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ ফাইল সংরক্ষণ করতে হবে।

০৩. বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১৬, তারিখঃ ৩০/১০/২০১৮ এ জারিকৃত "Guideline on Internal Credit Risk Rating System" অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে ঋণ অনুমোদন/নবায়নের সময় নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর ভিত্তিতে **Internal Credit Risk Rating (ICRR)** করতঃ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।

০৪. এছাড়াও ঋণ প্রদানের ক্ষেত্রে বিকেবি প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগের ১৩/০১/২০২১ তারিখের এর পত্র নং-১৭০৮(১২৫০) ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ০৫/০৭/২০২০ তারিখের পত্র নং-১৯ এর নির্দেশনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৫. উল্লেখ্য, এতদসংক্রান্ত কোন অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে বা কোন ধরনের জটিলতা/অস্পষ্টতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ আকতার হোসেন (মোবাইল নং-০১৮১৭০৭১৪৮৭) এবং উর্ধ্বতন কর্মকর্তা জনাব মোছাঃ শামীমা নাসরিন(মোবাইল নং-০১৭২২২১২৬১৬) এর সাথে যোগাযোগের নির্দেশনা দেয়া হলো।

অনুমোদনক্রমে,

  
(পারভীন আকতার)  
22/01/2021

মহাব্যবস্থাপক


(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

তারিখ : ২১-০১-২০২১

নং-বিকেবি/প্রকা/আরএমডি-৪৪/২০১৯-২০২০/২৭১১(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নথি/ মহানথি।

  
(মোঃ আকতার হোসেন)  
(উপ-মহাব্যবস্থাপক)